

উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল এর আওতায় উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব জিনিয়া আফরোজ হেলেন, ভাইস চেয়ারম্যান (মহিলা),  
উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল।

স্থান : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের অফিস কক্ষ, গৌরনদী, বরিশাল।

তারিখ : ১৭-১০-২০২১ খ্রি.

সময় : সকাল ১০:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর


ক্র:	নাম	পদবী	ঠিকানা	স্বাক্ষর
১.	জনাব জিনিয়া আফরোজ হেলেন	সভাপতি	ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল।	স্বাক্ষরিত
২.	জনাব মোঃ নূর আলম সেরনিয়াবাত	সদস্য	চেয়ারম্যান, খাজাপুর ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল	স্বাক্ষরিত
৩.	জনাব সৈকত গুহ পিকলু	সদস্য	চেয়ারম্যান, মাহিলারা ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল	স্বাক্ষরিত
৪.	জনাব আঃ রব হাওলাদার	সদস্য	চেয়ারম্যান, বাটাজোড় ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল	স্বাক্ষরিত
৫.	জনাব জাহানারা পরারভীন	সদস্য সচিব	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গৌরনদী, বরিশাল	স্বাক্ষরিত

গৌরনদী উপজেলা পরিষদের উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সভার সভাপতি মহোদয় সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জনাব জাহানারা পরাভীন (সদস্য সচিব, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি)	কোন সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ের সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রনয়ন প্রসঙ্গে	গৌরনদী উপজেলাকে বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতনমুক্ত করে তোলার জন্য কর্মশালার মাধ্যমে বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ে সমাজের বিভিন্ন শ্রেণীর মানুষকে সচেতন করে তুলতে পারলে তারা বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প এর মধ্যে "যৌতুক, বাল্যবিবাহ ও নারীনির্যাতন প্রতিরোধ সংক্রান্ত সচেতনতামূলক কর্মশালা" টি অর্জিত করা হলে কর্মশালাটি বাস্তবায়ন করা সম্ভব।	"যৌতুক, বাল্যবিবাহ ও নারীনির্যাতন প্রতিরোধ সংক্রান্ত সচেতনতামূলক কর্মশালা" শিরোনামে উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরী করে প্রকল্প বাছাই কমিটির সুপারিশক্রমে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৩। দাপ্তরিক কার্যক্রম	উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, তার দপ্তরে ডিজিডি কার্যক্রম সঠিকভাবে চলছে। ল্যাকটেটিং ভাতার আওতায় ভাতা কার্যক্রম চলমান। ২০২১-২২ অর্থ বছরের জন্য নতুন ২৭জন সুবিধাভোগী নির্বাচিত হয়েছে। ৭টি ইউনিয়নের ০৮টি কিশোর-কিশোরী ক্রাবের কার্যক্রম সামাজিক দূরত্ব মেনে প্রশিক্ষণ কার্যক্রম চলমান। ৩২তম ব্যাচে ০২টি ট্রেডে ৫০জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। অন্যান্য কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গৌরনদী।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(জিনিয়া আফরোজ হেলেন)

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি

ও


ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ,  
গৌরনদী, বরিশাল।

স্মারক নং-

তারিখঃ ১৭-১০-২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গৌরনদী, বরিশাল।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল।
- ৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, খাজাপুর / মাহিলারা / বাটাজোড়, গৌরনদী, বরিশাল।
- ৫। অফিস কপি।

  
১৭/১০/২০২১  
(জাহানারা পারভীন)

সদস্য সচিব

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি

ও

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
গৌরনদী, বরিশাল।